একই স্মারকে প্রতিস্থাপিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (NIPORT)
১৩/১ শেখ সাহেব বাজার রোড, আজিমপুর, ঢাকা-১২০৫।
www.niport.gov.bd

নং-নিপোর্ট/মপ-৫০(এ-৩)/টিআরডি/জনবল নিয়োগ/২০১৮-৩৩০

তারিখ: ০৬ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ
২০ জুন ২০২৩ খ্রিষ্টাব্দ

# নিয়োগ বিজ্ঞপ্তি

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের ১০.০৯.২০১৮ খ্রি. তারিখের ৫৯.০০.০০০০.১২৬.০২.০১৫.২০১৮-১৬০ নং স্মারকের পরিপ্রেক্ষিতে জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট) এর ৪র্থ স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর কর্মসূচির আওতাধীন "Training, Research & Development" (TRD) শীর্ষক অপারেশনাল প্ল্যানের মেয়াদকালীন (জুন-২০২৪) উন্নয়ন খাতে সৃজিত নিম্নলিখিত পদসমূহ পূরণের জন্য বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

| ক্রম নং | পদের নাম, গ্রেড ও বেতনস্কেল | বেতন স্কেল | পদের সংখ্যা | বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০১ | সহকারী প্রোগ্রামার গ্রেড-৯ | সাকুল্য বেতন ৩৫,৬০০/- | ০১টি | অনূর্ধ্ব ৩০ বছর | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পদার্থ বিজ্ঞান/ফলিত পদার্থ বিদ্যা/গণিত/পরিসংখ্যান/বাণিজ্য/অর্থনীতি/ব্যবসা প্রশাসনে স্নাতকোত্তর ডিগ্রি অথবা বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি।<br>খ) প্রোগ্রামিং এর জন্য অবশ্যই Standard Aptitude Test (SAT) এ উত্তীর্ণ হতে হবে।<br>গ) যে কোন স্বীকৃত পেশাভিত্তিক কম্পিউটার সোসাইটির সহযোগী সদস্য (Associate Membership) হতে হবে। |
| ০২ | হিসাবরক্ষণ কর্মকর্তা গ্রেড-৯ | সাকুল্য বেতন ৩৫,৬০০/- | ০১টি | অনূর্ধ্ব ৩০ বছর | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে হিসাব বিজ্ঞান বা ব্যবসা প্রশাসন বা মার্কেটিং বা ব্যবস্থাপনা বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে সম্মান/স্নাতক ডিগ্রি বা অন্যূন ৪ (চার) বছর মেয়াদি দ্বিতীয় শ্রেণির বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রি অথবা প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি। |

নিম্নবর্ণিত শর্তাবলী আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অনুসরণ করতে হবে :

০১। বয়সসীমা ০১/০৩/২০২৩ খ্রি: তারিখে সাধারণ প্রার্থী এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটার ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩০ বছর। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা, এতিম ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র/কন্যা'র (নাতি-নাতনী) বয়সসীমা ১৮-৩০ বছর। জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি-১ শাখা এর স্মারক নং-০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৯, ২২ সেপ্টেম্বর ২০২২ খ্রি.অনুযায়ী ২৫ মার্চ ২০২০ খ্রি. তারিখে যে সকল প্রার্থীর বয়স সর্বোচ্চ বয়সসীমার মধ্যে রয়েছে সে সকল প্রার্থীও আবেদন করতে পারবেন। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
**২৬/০৬/২০২৩ খ্রি: তারিখ সকাল ১০.০০ টা থেকে ০৫/০৭/২০২৩ খ্রি. রাত ১২:০০ টার মধ্যে আবেদন করতে হবে।**
আবেদনপত্র দাখিলের বর্ধিত সময়সীমাঃ **২৪/০৭/২০২৩ খ্রি. তারিখ সকাল ১০.০০ টা থেকে ৩০/০৭/২০২৩ খ্রি. তারিখ বিকাল ০৫.০০ টা। ইতোপূর্বে যারা আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।**

০২। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে;

০৩। নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক নির্ধারিত বিদ্যমান সকল বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে;

০৪। সকল পদের জন্য লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। তবে ১নং ক্রমিকে বর্ণিত পদের ক্ষেত্রে লিখিত এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন;

০৫। SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান :

Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's Copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলেই কেবল পুনরায় (Web-এ) আবেদন করতে পারবেন। উল্লেখ্য যে, আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's Copy-তে তার সাম্প্রতিক তোলা রঙ্গিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষরযুক্ত PDF কপি ডাউনলোডপূর্বক নিশ্চিত করে রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি USER ID নম্বর দেয়া থাকবে এবং USER ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন টেলিটক প্রি-পেইড মোবাইল নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ক্রমিক নং ০১ থেকে ০২ এর পদের জন্য ৬০০/- টাকা ও টেলিটকের এর সার্ভিস চার্জ বাবদ ৬৭ টাকাসহ (অফেরতযোগ্য) ৬৬৭/- টাকা (অফেরৎযোগ্য) পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, Online -এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

প্রথম SMS : **NIPORT** <space>**USER ID** লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।

Example: **NIPORT ABCDEF**

Reply: Aplicant's Name, TK 667/- will be charged application fee. Your PIN is 12345678. To Pay fee Type **NIPORT** <space> YES<space>PIN and Send to 16222

দ্বিতীয় SMS: **NIPORT** <space> **YES** <space> **PIN** লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।

Example: **NIPORT YES 12345678**

Reply: Congratulation Aplicant's Name, payment completed succesfully for **NIPORT** Application for the post of XXXXXXXXXX User ID is (ABCDEF) and Password (XXXXXXX).

০৬। মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন এবং Online Application form এর কপি ও নিম্নোক্ত কাগজপত্রের সত্যায়িত ছায়ালিপি দাখিল করতে হবে;

ক) জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ;

খ) আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা বা পুত্র/কন্যার পুত্র/কন্যা হলে আবেদনকারীকে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা বা পুত্র/কন্যার পুত্র/কন্যা মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/পৌরসভার কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি;

গ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা বা পুত্র/কন্যার পুত্র/কন্যা হলে মুক্তিযোদ্ধার সনদপত্রের সত্যায়িত ফটোকপি;

ঘ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপি;

০৭। এ নিয়োগ সম্পূর্ণ সাকুল্য বেতনে চুক্তিভিত্তিক অপারেশন প্ল্যানের মেয়াদের (জুন ২০২৪ পর্যন্ত) জন্য প্রযোজ্য হবে। প্রকল্পের মেয়াদ শেষে পদসমূহ স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হবে এবং নিয়োগপত্রই অব্যাহতিপত্র হিসেবে গণ্য হবে;

০৮। নিয়োগের জন্য নির্বাচিত প্রার্থীকে নিপোর্ট প্রধান কার্যালয়ে পদায়ন করা হবে;

০৯। কর্তৃপক্ষ প্রয়োজনে নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন;

১০। বিজ্ঞাপনে উল্লিখিত পদ/পদসমূহের চূড়ান্ত সুপারিশ প্রণয়নের সময় সরকারের সর্বশেষ কোটা নীতি অনুসরণ করা হবে;

১১। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে;

১২। লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনরূপ টিএ/ডিএ প্রদান করা হবে না;

১৩। সরাসরি বা ডাকযোগে প্রেরিত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য নয়।

২০/৬/২০২৩

(ড. মোহাম্মদ আবুল হাসান)
পরিচালক (প্রশাসন) ও যুগ্মসচিব
ই-মেইল: diradmin@niport.gov.bd